5000Rs.

7468 24994

INDIA NON JUDICIAL

५000रु.

Rs 5000

सत्यमेव जयते

भारत

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

VC 12

94250

11.11.92

Verified with Deed No. 590/94 of DSR Alipore

08.11.2002

....u/s 9 (5) of the W.B. Prevention of ... Rule

Valuation ... 292500/-

Market ...

Deficit stamp duty of Rs........ is Paid

9785/-

মবলগে ১,০২,০০০.০০ এক লক্ষ দুই হাজার টাকা

পণ মূল্যের নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল

Certified that the deficit Stamp duty Rs. 9720/- has been realised ... and the instrument is duly stamped by draft No. ........ Dated 3.12.02

কোবালা গ্রহিতা :-

*************

M20 - 020470

শ্রী প্রশান্ত কুমার ধর, পিতা - স্বর্গীয় প্রফুল্ল কুমার ধর, জাতি - হিন্দু, পেশা - চাকুরী, সাকিন - ১/৬৫, বিবেক নগর, পোষ্ট - সন্তোষপুর, থানা - কসবা, কলকাতা - ৭০০ ০৭৫, জেলা - দক্ষিন ২৪ পরগনা।

Deficit ... Rs. 9701/-

has been realised on.........2000

3.12.02

Admissible Under Rule 21

Duly Stamped (Exempted From Stamp duty or does not Require Stamp duty) Under The Indian Stamp Act.-1899 as ammended in 1964 2345

Schedule 1 No. as 1A

No. .................

District Sub-Registrar-II

Alipore, South 24 Parganas 03.12.2002

Sl. No. ... Basanta Kr. Dhar
Sold to: ... Vivek Nagar, Kol-8
Ad ... 1/65
Rs. ... cour

Stamp Clerk,
Alipore Treasury, South 24-Pgs.

Execution is admitted
(1) Kailash Chamaria
S/o Bhagabati Chamaria
(2) Alka Chamaria
[redacted] W/o Kailash Chamaria
S/o. W/o D/o ... Bolaghat Road
of ... 86
P.S. Lake town Kol-48
District-South 24-Parganas.
by Caste Hindu/Muslim by Profession

[redacted] for Registration [redacted]
On 08.11.2002 at about 1-10 / 5-02 P.M.
D.S.R. Alipore ... 46
by Kailash Chamaria
Executant or Claimant

District Sub-Registrar-II
Alipore, South 24 Parganas
08.11.2002

Kailash Chamaria



V.C. I/2
989

Kailash Chamaria



V.C. I/2
990

Alka Chamaria

Identified by
Arabinda Jana
Adv.
S/o. W/o D/o ...
of Alipore Cr. Court
District-South 24-Parganas.
by Caste Hindu/Muslim by Profession

District Sub-Registrar-II
Alipore, South 24 Parganas

Arabinda Jana
Adv.
Alipore Cr. Court.

500 Rs.




-: ২ :-

কোবালা দাতাদ্বয় :-
***************

১) শ্রী কৈলাস চেন্নানি, পিতা - শ্রী ভগবতী প্রসাদ চেন্নানি

২) শ্রীমতি আল্কা চেন্নানি, স্বামী - শ্রী কৈলাস চেন্নানি,

উভয়ের জাতি - হিন্দু, পেশা - যথাক্রমে ব্যাবসা ও গৃহকার্য্য, উভয়ের সাকিন - ৩২ নম্বর, বলরাম দে স্ট্রীট, কলকাতা ৭০০ ০০৬, হাল সাকিন - ৮৬, গোলা ঘাট রোড, থানা - লেকটাউন কলকাতা - ৭০০ ০৪৮ জেলা - দক্ষিণ ২৪ পরগণা। —

10 Rs.




-: ৩ :-

কস্য অত্র সাথ গ্রথিত নক্সায় লাল রং-এর রেখার দ্বারা বেষ্ঠিত ও প্রদর্শিত, হাল রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট স্বত্বের কমবেশী ২ দুই কাঠা ৪ চার ছটাক ০০ শূণ্য বর্গফিট পরিমিত শালি জমি-জমা মায় আকর আওলাতাদি মায় তৎসংলগ্ন পশ্চিম দিকস্থ ১৬' ফিট প্রশস্ত কমন্ প্যাসেজের যাবতীয় ইজমেন্ট্ ও ব্যাবহারিক বর্ত্ম স্বত্বাদি সহ সম্পত্তি সমপূর্ন নির্দায় ও নিঃর্দোষ অবস্থায় নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল পত্র মিদং কার্যাঞ্চাগে :-

জেলা - দক্ষিণ ২৪ পরগণা, থানা - বেহালা, হাল ঠাকুরপুকুর, সাব-রেজিষ্ট্রী অফিস - এ. ডি. এস. আর. বেহালা, পরগণা - খাসপুর, অধুনা জোকা ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের অধীন, অত্র জেলা কালেক্টরীর ৬ নম্বর

তৌজিভূক্ত, রেভিনিউ সার্ভে নম্বর - ৪৩, জে. এল. নম্বর - ২৩, মৌজা - পূর্ব বড়িষা গ্রামের, সাবেক ৮৬ নম্বর খতিয়ান হইতে আগত, হাল রিভিসন্যাল সেটেলমেন্ট জরিপের রায়তঃ দখলি স্বত্ব বিশিষ্ট স্বত্বের ১৯৫৫ নম্বর খতিয়ানে লিখিত ৩৭৬৫ নম্বর দাগস্থিত ৫৫ শতক জমি-জমা চক ঠাকুরাণী গ্রামনিবাসী জনৈক প্রাণকৃষ্ণ পাত্র মহাশয়ের স্বত্ব দখলিয় সমপত্তি থাকাবস্থায় তিনি বিগত ইংরাজী ১৪/১০/১৯৬০ তারিখে এককেতা রেজিষ্ট্রীকৃত কোবালা দলিল দ্বারা কলুয়া গ্রাম নিবাসী জনৈক প্রফুল্ল কুমার রায় ও তপন কুমার রায় দিগরকে উহা বিক্রয় করিয়া বিক্রিত সমপত্তি হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলিচ্যুত হয়েন।

অতঃপর, উক্ত প্রফুল্ল কুমার রায় দিগর তাঁহাদের খরিদা জমি-জমা খাসে, যৌথ ভাবে, উত্তম স্বত্বদখলে ভোগদখল করিতে থাকাকালীন তাঁহাদের নগদ অর্থের বিশেষ আবশ্যক হওয়ায় উক্ত সমুদয় ৫৫ শতক শালি জমি-জমা বিগত ইংরাজী ১৩/০২/১৯৬৪ তারিখে বেহালা সাব-রেজিষ্ট্রী অফিসে এককেতা রেজিষ্ট্রীকৃত বহি নম্বর ১, ভ্যলুম নম্বর ৫ , পাতা ২৭৮ হইতে ২৮১, কোবালা দলিল নম্বর ৪০৬ দ্বারা চক ঠাকুরাণী গ্রাম নিবাসী জনৈক মন্মথ নাথ পাল, পিতা স্বর্গীয় অমূল্য চরণ পাল মহাশয়কে বিক্রয় করতঃ বিক্রিত সমপত্তি হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলিচ্যুত হয়েন।

এরূপে, উক্ত মন্মথ নাথ পাল তাঁহার খরিদা জমি-জমা খাসে ষোল আনা রকমে, নিব্যূঢ় স্বত্বে, সার্বভৌম আধিকারে একক ভোগ-দখল করিতে থাকাকালীন তাঁহার নগদ অর্থের বিশেষ আবশ্যক হওয়ায় উক্ত খরিদা জমি-জমা হইতে কৃত চিহ্নিত মতে কম-বেশী ১৩ তের কাঠা পরিমিত শালি জমি-জমা জনৈক বীরেন্দ্র নাথ বিশ্বাস, পিতা - স্বর্গীয় রাম চন্দ্র বিশ্বাস মহাশয়কে বিক্রয় করতঃ বিক্রিত সমপত্তি হইতে চিরতরে নিঃস্বত্ব ও

দখলিচ্যুত হয়েন। উক্ত দলিলখানি বেহালা সাব-রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত বহি নম্বর ১, ভ্যলুম নম্বর ২৪, পাতা ৭৯ থেকে ৮১, দলিল নম্বর ৭০৭ মূলে বিগত ইংরাজী ১৯৭১ সালে চূড়ান্ত ভাবে লিপিবদ্ধ আছে ও হইতেছে।

উক্ত বীরেন্দ্র নাথ বিশ্বাস তাঁহার খরিদা জমি-জমা খাসে ষোল আনা রকমে, নিব্যূঢ় স্বত্বে, সার্বভৌম অধিকারে একক ভোগ-দখল করিতে থাকাকালীন তাঁহার নগদ অর্থের বিশেষ আবশ্যক হওয়ায় উক্ত খরিদা জমি-জমা হইতে রাস্তার জমিসহ কৃত চিহ্নিত মতে কম-বেশী ৬ ছয় কাঠা ৬ ছয় ছটাক ০০ শূণ্য বর্গফিট পরিমিত শালি জমি-জমা অত্র ১ নম্বর কোবালা দাতা শ্রী কৈলাস চেন্নানি মহাশয়কে বিগত ইংরাজী ২০/০১/১৯৯৪ তারিখে আলিপুর জেলা-রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত বহি নম্বর ১, দলিল নম্বর ৫৮৯ দ্বারা বিক্রয় করতঃ বিক্রিত জমি-জমা হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলিচ্যুত হয়েন। উক্ত বীরেন্দ্র নাথ বিশ্বাস তৎপর তাঁহার খরিদা জমি-জমা হইতে পূর্বোক্ত বিক্রয় বাদে রাস্তার জমিসহ মাপসুরত ৬ ছয় কাঠা ৯ নয় ছটাক ০০ শূণ্য বর্গফিট পরিমিত শালি জমি-জমা অত্র ২ নম্বর কোবালা দাত্রী শ্রীমতি আল্কা চেন্নানি মহাশয়াকে বিগত ইংরাজী ২০/০১/১৯৯৪ তারিখে আলিপুর জেলা-রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত বহি নম্বর ১, দলিল নম্বর ৫৯০ দ্বারা বিক্রয় করতঃ বিক্রিত জমি-জমা হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলিচ্যুত হয়েন।

এমতপ্রকারে অত্র কোবালা দাতা ও দাত্রীদ্বয় আমরা উল্লিখিত দুইকেতা কোবালা দলিল মূলে রাস্তার জমিসহ সর্বমোট কম-বেশী ১২ বার কাঠা ১৫ পনের ছটাক শালি জমি আমাদের স্বনামে খরিদ করিয়া একত্রে ভোগদখল করিতে থাকাকালীন, আমাদের খরিদা উক্ত জমিতে যাতায়াতের জন্য কমন প্যাসেজ বহাল করিবার জন্য প্রয়োজনীয় জমি ছাড় দেওয়া বাদে সরজমিনে স্থানীয় মাপে কম-বেশী ১০ দশ কাঠা ৮ আট ছটাক শালি জমি আমাদের খাস দখলে আছে এবং উক্ত জমিজমা আমরা অদ্যাবধি একত্রে ভোগদখল করিয়া আসিতেছি।

এক্ষণে আমাদের নানাবিধ বৈধ ও সঙ্গত কারনে নগদ অর্থের বিশেষ আবশ্যক হওয়ায় আমার পুর্ব বর্ণিত খরিদা সত্বীয় উক্ত ও নিম্ন তপশীলে বর্ণিত কম-বেশী ২ দুই কাঠা ৪ চার ছটাক ০০ শূণ্য বর্গফিট পরিমিত শালি জমি-জমা মবলগে ১,০২,০০০.০০ এক লক্ষ দুই হাজার টাকায় বিক্রয়ের সোহরত করিলে আপনি অত্র কোবালা গ্রহিতা তাহা অবগত হইয়া সম্পত্তি দেখিয়া বাজার যাচাই করিয়া বাজার সর্বোচ্চ উক্ত নির্ধারিত মূল্যে উক্ত ও নিম্ন তপসিল বর্ণিত জমি জমা খরিদ করিতে রাজি ও সম্মত হইয়া আমাদের নিকট প্রকাশ ও প্রস্তাব করিলে আমরা আপনার প্রস্তাবে সম্মত ও স্বীকৃত হইয়া অদ্যকার তারিখে ধার্য্য পণ মূল্যের সমুদয় টাকা আপনার নিকট হইতে নিম্ন জায়মত এককালীন নগদ গ্রহন করিয়া এতদ্বারা তাহার প্রাপ্তি স্বীকারে অত্র সাফ বিক্রয় কোবালা দলিল আপনার নাম বরাবর যথারীতি যৌথভাবে সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিয়া স্বীকার, অঙ্গীকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে :-

উক্ত বা নিম্ন তপশীল বর্ণিত বিক্রীত জমি-জমাতে আমাদের যাহা কিছু স্বামীত্ব, দখল, অধিকার, হক-হকিয়াত ইত্যাদি বিদ্যমান ছিল বা আছে, তৎসমুদয় আমাদের হইতে চিরতরে লোপ ও রহিত হইয়া বিলুপ্ত বা ধংশপ্রাপ্ত আপনার ওপর খরিদা স্বত্বে বর্ত্তিল ও অর্শিল। আপনি অদ্য হইতে আমাদের যাবতীয় স্বত্বে স্বত্ববান ও মালিক দখলকার হইয়া সরকার বাহাদুর সেরেস্তায় ও অধুনা জোকা ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের অফিসে আপনার নিজ নাম পত্তন করতঃ ধার্যকৃত খাজনা ও ট্যাক্সাদি আদায় দিয়া সর্বপ্রকার দান, বিক্রয়, বন্ধকাদি, হস্তান্তর ও অবস্থান্তর মায় ইট-ইমারতাদি নির্মান সহ সকল প্রকার রূপান্তরকরণের অবাধ ক্ষমতা যুক্তে পুত্র-পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিসিক্তগণক্রমে পরম সুখে নিব্যূঢ় স্বত্বে সার্বভৌম অধিকারে ভোগ-দখল করিতে থাকুন। তাহাতে আমরা মায় আমাদের ওয়ারিশান ও

স্থলাভিসিক্তগণক্রমে কেহ কস্মিনকালে কোন প্রকার ওজর-আপত্তি দাবি-দাওয়া কুত্রাপি মায় কদাপি করিতে পারিব না বা পারিবেক না, করিলেও তাহা সর্বত্র সর্বাদালতে বাতিল, অগ্রাহ্য ও নামঞ্জুর বলিয়া গন্য হইবে।

উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত জমি-জমা বা তাহার কোন অংশ আমরা ইতিপূর্বে অপর কাহার নিকট দান, বিক্রয়, বন্ধকাদির দ্বারা বা হস্তান্তর বা দায়াবদ্ধকরণ করি নাই বা তন্নিমিত্ত কাহার সহিত লিখিত বা রেজিস্ট্রীকৃত বায়নাপত্র বা চুক্তি করি নাই, উহাতে মেয়াদি বা বেমেয়াদি কোনপ্রকার প্রজাবিলি নাই বা বন্দোবস্ত নাই বা উহাতে কোনপ্রকার ভাগচাষী বা বর্গাদার নাই বা উহা কাহার খোরপোষের দায়ে বা দেনার দায়ে ক্রোক নিলামে বিক্রয় হয় নাই বা উহা কোনপ্রকার মামলা-মোকর্দমার বিষয়ীভূক্ত সম্পত্তি নহে বা উহাতে কোন প্রকার চার্জ সিকিউরিটি বা লিয়েন নাই বা উহাতে কোনপ্রকার দেবোস্থান বা পীরোস্থান নাই বা উহাতে কোনপ্রকার শরিক, দাবীদার বা অংশীদার নাই বা উহা সরকারী আধা-সরকারী কোন প্রকার প্রতিষ্ঠান বা সি. এম. ডি. এ. বা ল্যান্ড একুইজিশান কর্তৃক একুইজিশান বা রিকুইজিশান হয় নাই বা তন্নিমিত্ত আমাদের ওপর কোন প্রকার নোটিশাদি জারি হয় নাই বা উহা সরকার কর্তৃক ভেষ্ট হয় নাই, সম্পূর্ণ নির্দায়, নির্দোষ ও মুক্তাবস্থায় থাকা কালিন নিম্ন তপশীল বর্ণীত জমি-জমা আপনাকে অত্র কোবালা দলিল মূলে বিক্রয় করিলাম ও বিক্রিত সম্পত্তির খোলসা খাস দখল আপনাকে বুঝাইয়া দিলাম।

আমাদের উপরোক্ত উক্তি সমুহের মধ্যে কোন মিথ্যা বা তঞ্চকী থাকা প্রকাশ পাইলে এবং তৎকারণে আপনার খরিদা স্বত্ব দখলের কোনপ্রকার হানি বা বিঘ্ন ঘটিলে আমরা দেওয়ানি বা ফৌজদারী, উভয়বিধ আইন-মাফিক আমলে আসিব ও পণের বেবাক টাকা মায় যাবতীয় ক্ষতি-খেসারত আপনাকে

Yaf Pash Chawar
Alka Chamani

এককালীন নগদে ফেরৎ দিতে আমরা মায় আমাদের ওয়ারিশনগণক্রমে বাধ্য ও স্বীকৃত রইলাম ।

যদি ভবিষ্যতে অত্র কোবালা দলিলে কোনপ্রকার ভুল-ভ্রান্তি থাকা প্রকাশ পায় এবং তৎকারণে আপনার খরিদা স্বত্ব দখলের কোনপ্রকার হানি বা বিঘ্ন ঘটে এবং উহা সংশোধন করিবার আবশ্যক হয়, তাহা হইলে আমরা আপনার খরচে ও তলবে এক বা একাধিক সংশোধনী বা পরিপোষক দলিল করিয়া দিতে ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে বাধ্য ও স্বীকৃত রইলাম।

এতদর্থে, সুস্থ শরীরে, সরল মনে অন্যের বিনানুরোধে, স্বেচ্ছায় অত্র দলিলের যাবতীয় মর্ম সম্যক অবগত হইয়া ও ভালরূপে বুঝিয়া মায় অত্র দলিলের যাবতীয় শর্তে বাধ্য থাকিয়া পণের সমুদয় মং ১,০২,০০০.০০ এক লক্ষ দুই হাজার টাকা আপনার নিকট হইতে যে যাহার অংশ মত সমতূল্যাংশে নিম্ন জায়মত এককালীন গ্রহন করিয়া অত্র সাফ বিক্রয়ের কোবালা দলিল আপনার নাম বরাবর যথারীতি আমরা যৌথভাবে সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিলাম। ইতি তারিখ - ইংরাজী সন ২০০২ সালের ৮ই নভেম্বর মোতাবেক বাংলা সন ১৪০৯ সনের ২১শে কার্ত্তিক

-: **তপশীল বিক্রীত সম্পত্তির**
**পরিচয় ও তাহার চৌহদ্দি** :-

জেলা দক্ষিন ২৪ পরগনা, থানা বেহালা, হাল ঠাকুরপুকুর, সাব-রেজিষ্ট্রি অফিস এ. ডি. এস. আর. বেহালা, পরগনা খাসপুর, অধুনা জোকা ২

Bharti Ada

নম্বর গ্রাম পঞ্চায়েতের অধীন, অত্র জেলা কালেক্টরীর ৬ নম্বর তৌজিভুক্ত জে. এল. নম্বর ২৩, রেভিনিউ সার্ভে নম্বর ৪৩, মৌজা পূর্ব বড়িষা গ্রামের সাবেক ৮৬ নম্বর হাল বিগত রিভিসন্যাল সেটেলমেন্ট জরিপের ১৯৫৫ নম্বর খতিয়ানভুক্ত সাবেক ও হাল ৩৭৬৫ তিন হাজার সাতশত পঁয়ষট্টি নম্বর দাগস্থিত কম-বেশী ২ দুই কাঠা ৪ চার ছটাক ০০ শূণ্য বর্গফিট শালি জমি-জমা মায় আকর আওলাতাদি মায় তৎসংলগ্ন পশ্চিম দিকস্থ ১৬' ফিট প্রশস্থ কমন্ প্যাসেজের যাবতীয় ইজমেন্ট্ ও ব্যাবহারিক বর্ত্ম স্বত্বাদি, যথা উহার উপর, মধ্য ও তলদেশ দিয়া জল, কল, ইলেক্ট্রীক ও টেলিফোনের লাইন আনয়ন, জল নিকাশী ড্রেন মায় যান-বাহনাদি সহ অবাধ চলাচল ও মালামাল আনয়নের স্বত্বাদি সহ সম্পত্তি দরবস্তু হক-হকুক অত্র কোবালার বিক্রিত সম্পত্তি হইতেছে। অত্র সাথ দাখিলী নক্সায় বিক্রিত জমি-জমা লাল রংয়ের রেখা দ্বারা এবং ২ নম্বর প্লট রূপে বেষ্টিত ও প্রদর্শিত হইল যাহা অত্র দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে। উহার হারাহারি বার্ষিক খাজনা ৪৪ পয়সা সন সন সরকার বাহাদুর সেরেস্তায় আদায় দিতে হয় । উহাতে চাষাবাদ হইতেছে।

-: তপশীল চৌহদ্দি :-

| | | |
|---|---|---|
| উত্তরে | :- | আরঃ এসঃ দাগ নম্বর ৩৭৬৫, |
| দক্ষিণে | :- | আরঃ এসঃ দাগ নম্বর ৩৭৬৫, |
| পূর্বে | :- | আরঃ এসঃ দাগ নম্বর ৩৭৭৬, |
| পশ্চিমে | :- | ১৬' ফিট প্রশস্ত কমন প্যাসেজ বা রাস্তা। |

-: তপশীল টাকার জায় :-

Alka chanani

## -: তপশীল টাকার জায় :-

পাল বাজার ব্রাঞ্চস্থিত স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার ইং ৮.১১.০২ তারিখের—

| | |
|---|---|
| ৬০৫১৬৬ নং পে-অর্ডার মূলে প্রাপ্ত | ..........৩১,০০০ টাকা, |
| ৬০৫১৬৭ নং পে-অর্ডার মূলে প্রাপ্ত | ..........২০,০০০ টাকা, |
| ৬০৫১৬৮ নং পে-অর্ডার মূলে প্রাপ্ত | ..........২০,০০০ টাকা, |
| ৬০৫১৬৯ নং পে-অর্ডার মূলে প্রাপ্ত | ..........৩১,০০০ টাকা, |
| | মোট- ১,০২,০০০ টাকা, |

মং এক লক্ষ দুই হাজার টাকা বুঝিয়া পাইলাম ।

Alka chanani

ইসাদি -

জেলা - ২৪ পরগনা (দঃ)

থানা - ঠাকুরপুকুর

Aralinda Jana
Adv.
Alipore Cr. Court

মুসাবিদাকারক -

---

মিঃ. প্রবীর কুমার ব্যানার্জী.
( আইনজীবী )
আলিপুর জাজেস কোর্ট, কলি - ২৭.
Regd. No - WB/331/84

টাইপকারক -

---

শ্রী আশীষ কুমার ব্যানার্জী.
৫৩/২/১, বীরেণ রায় রোড. (পূর্ব) কলি - ৮.

Office of the Dist. Sub-Registrar-II
South 24 Parganas, Alipur

District Sub-Registrar-II
Alipore, South 24 Parganas

Book No. I
Volume No. 116
Pages 57 to 66
Being No. 4994
For the year 20...

Office of the Dist. Sub-Registrar-II
South 24 Parganas, Alipur

District Sub-Registrar-II
Alipore, South 24 Parganas
20.12.11

SITE PLAN AT :-


MOUZA - PURBA BARISHA J.L. NO. - 23
SHEET NO. - 6 R.S. NO. - 43.
R.S. DAG NO. - 3765 (P).
R.S. KHATIAN NO. - 1955.
P.S. - THAKURPUKUR DIST. - SOUTH 24-PARGANAS
UNDER GRAM PANCHAYET NO. JOKA - 2.
SCALE - 1" INCH = 41-1/4' FEET
AREA OF THE PLOT NO. - 2. = 02K - 04CH - 00SFT (MORE OR LESS)

SHOWN IN RED VERGE

N

S

NAME OF THE VENDEE :-




VENDOR'S SIGNATURE :

DRAWN BY : B. CHATTERJEE